

# 3

# শিখন: ধারণা এবং তত্ত্বাবলি (Learning: Concept and Theories)

## অতিসংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর — Marks 2

**প্রশ্ন 1. শিখন কাকে বলে? (What is Learning ?)**

**উত্তর :** শিখন হল সেই ধরনের সক্রিয়তা যা ব্যক্তির আচরণে পরিবর্তন আনে এবং ব্যক্তির পূর্ববর্তী আচরণ ও অভিজ্ঞতার পরিবর্তন ঘটায়।

**প্রশ্ন 2. শিখন প্রক্রিয়া বলতে কী বোঝ? (What is Learning process ?)**

**উত্তর :** যে প্রক্রিয়া অতীত অভিজ্ঞতার ভিত্তিতে প্রগতিশীল আচরণগত পরিবর্তনের মাধ্যমে ব্যক্তির সার্বিক বিকাশ ঘটিয়ে তাকে পরিবর্তনশীল পরিবেশের সঙ্গে সার্থক অভিযোজনে সাহায্য করে তাই হল শিখন প্রক্রিয়া।

**প্রশ্ন 3. পরিণমন কী? (What is Maturation ?)**

**উত্তর :** জন্মগত সম্ভাবনাগুলি স্বাভাবিকভাবে প্রস্ফুটিত হওয়ার ফলে শিশুর আচরণের গুণগত ও পরিমাণগত পরিবর্তনের প্রক্রিয়াই হল পরিণমন।

**প্রশ্ন 4. শিখনের প্রকৃতি কীরূপ? (What is the nature of Learning ?)**

**উত্তর :** পরিবেশের সঙ্গে অভিযোজনের জন্য শিখন ঘটে থাকে। এটি একটি মানসিক প্রক্রিয়া। শিখন সংশ্লিষ্ট ব্যক্তিকে আত্মসক্রিয় করে তোলে। শিখনের ক্ষেত্রে ব্যক্তির নির্দিষ্ট প্রেষণা যুক্ত থাকে এবং এটি কোনো না কোনো চাহিদাকে পরিতৃপ্ত করে। এই প্রক্রিয়া অনুশীলননির্ভর।

**প্রশ্ন 5. শিখনের সঙ্গে পরিণমনের পার্থক্য লেখো। (Write the difference between Learning and Maturation.)**

**উত্তর :** শিখন ও পরিণমনের মধ্যে পার্থক্য হল—(ক) শিখনে ব্যক্তি আত্মসচেতন থাকে, পরিণমনে থাকে না। (খ) শিখন প্রক্রিয়া শর্তসাপেক্ষ, কিন্তু পরিণমন শর্ত-নিরপেক্ষ। (গ) পরিণমন কোনো চাহিদা তাড়িত নয়, শিখন হল চাহিদা তাড়িত প্রক্রিয়া। (ঘ) পরিণমন জৈবিক প্রক্রিয়া, শিখন মনস্তাত্ত্বিক প্রক্রিয়া।



Scanned with CamScanner

**প্রশ্ন 6. শিখনের তত্ত্বগুলি কয়প্রকার? (What are the theories of Learning ?)**

**উত্তর:** সম্প্রতিকালে মনোবিদগণ শিখনের তত্ত্বগুলিতে প্রধানত তিনটি ভাগে বিভক্ত করেছেন—(ক) সংযোগমূলক তত্ত্ব বা আচরণমূলক তত্ত্ব, (খ) সমগ্রতাবাদ বা প্রজ্ঞামূলক তত্ত্ব, (গ) মানবতার তত্ত্ব।

**প্রশ্ন 7. অপারেন্ট অনুবর্তন কী? (What is Operant Conditioning ?)**

**উত্তর:** অপারেন্ট অনুবর্তন হল একটি শিখন প্রক্রিয়া যেখানে রি-এনফোর্সমেন্টের (শক্তিদায়ী উদ্দীপক) দ্বারা প্রতিক্রিয়া ঘটিয়ে প্রতিক্রিয়ার সম্ভাব্যতা বৃদ্ধি করা বা প্রতিক্রিয়া ঘটানো হয়।

**প্রশ্ন 8. 'স্কিনার বক্স' কী? (What is Skinner Box ?)**

**উত্তর:** আমেরিকান মনোবিদ বি এফ স্কিনার প্রাণীর শিখন সম্পর্কে পরীক্ষায় যে যান্ত্রিক উপকরণ ব্যবহার করেছিলেন সেই যান্ত্রিক উপকরণকে 'স্কিনার বক্স' বলা হয়।

**প্রশ্ন 9. স্কিনারের মতে প্রতিক্রিয়া কী রকমের এবং কী কী? (According to Skinner how many types of responses and what are they ?)**

**উত্তর:** স্কিনারের মতে, প্রতিক্রিয়া দু-প্রকারের—রেসপন্ডেন্ট এবং অপারেন্ট। যেসব প্রতিক্রিয়ার নির্দিষ্ট উদ্দীপক আছে যেমন লালা নিঃসরণের জন্য খাদ্য তাদেরকে বলা হয় রেসপন্ডেন্ট এবং যেসব প্রতিক্রিয়ার নির্দিষ্ট কোনো উদ্দীপক নেই, যে-কোনো উদ্দীপকের সঙ্গে তাদেরকে মুক্ত করা যেতে পারে তাদের বলা হয় অপারেন্ট।

**প্রশ্ন 11. স্কিনারের মতে, রেসপনডেন্ট ও অপারেন্ট প্রতিক্রিয়ার মধ্যে পার্থক্য কী? (What is the difference between Respondent and Operant behaviour ?)**

**উত্তর:** মনোবিদ স্কিনারের মতে, প্রাণীর রেসপনডেন্ট ধরনের আচরণগুলি নির্দিষ্ট বস্তুধর্মী উদ্দীপকের সঙ্গে যুক্ত, কিন্তু অপারেন্ট ধরনের আচরণগুলিকে যে-কোনো বস্তুধর্মী উদ্দীপকের সঙ্গে সংযুক্ত করা যায়।

**প্রশ্ন 12. S-টাইপ অনুবর্তন কী? (What is S-type Conditioning ?)**

**উত্তর:** প্যাভলভের প্রাচীন অনুবর্তন হল S-টাইপ অনুবর্তন। এখানে উদ্দীপকের অনুবর্তন হয়। প্রতিক্রিয়া এক থাকে।

**প্রশ্ন 13. R-টাইপ অনুবর্তন কী? (What is R-type Conditioning ?)**

**উত্তর:** স্কিনারের সক্রিয় অনুবর্তন হল R-টাইপ অনুবর্তন, এখানে প্রাণী সক্রিয়ভাবে আচরণ করে। স্কিনারের মতে, কোনো নির্দিষ্ট উদ্দীপকের পরিপ্রেক্ষিতে সৃষ্টি না হয়ে যে আচরণ স্বতঃস্ফূর্তভাবে সৃষ্টি হয় এবং এক্ষেত্রে যে প্রকার অনুবর্তনের সৃষ্টি হয় তা হল R-টাইপ অনুবর্তন।

Scanned with CamScanner

**প্রশ্ন 19. তথ্য প্রক্রিয়াকরণ তত্ত্বের মূল দিকগুলি কী? (What are the fundamental aspects of Information processing system ?)**

**উত্তর:** জ্ঞানবাদী মনোবিদগণের মতে, মানুষের ইনফরমেশন প্রসেসিং তত্ত্বের মূল দুটি দিক রয়েছে। এই দুটি দিক হল—সাংগঠনিক কাঠামো এবং প্রক্রিয়াগত কাঠামো।

**প্রশ্ন 20. মানুষের স্মৃতির ত্রিস্তর কী? (What are three stages of memory ?)**

**উত্তর:** জ্ঞানবাদী মনোবিদগণের মতে, মানুষের স্মৃতির 3টি স্তর রয়েছে। এই 3টি স্তর হল—সংবেদন স্তর, ক্ষণস্থায়ী স্মৃতি এবং স্থায়ী স্মৃতি।

**প্রশ্ন 21. শিখনের ইনফরমেশন প্রসেসিং তত্ত্ব কী? (What is information theory of Learning ?)**

**উত্তর:** এই তত্ত্ব অনুযায়ী মানুষ পরিবেশ থেকে তথ্য গ্রহণ করে সেগুলিকে প্রক্রিয়াকরণের পর ব্যবহার করতে পারে। এইভাবে ব্যবহার করতে পারা হল শিখন।

**প্রশ্ন 22. ইনফরমেশন প্রসেসিং তত্ত্ব অনুযায়ী কীভাবে তথ্য প্রক্রিয়াকরণ হয়? (How informations are processed according to information theory ?)**

**উত্তর:** Atkinson-এর ইনফরমেশন প্রসেসিং তত্ত্ব অনুযায়ী আমাদের স্মৃতিতে 3টি পর্যায়ে তথ্য প্রক্রিয়াকরণ ঘটে থাকে। এই 3টি পর্যায় হল—সংবেদনমূলক স্মৃতি, ক্ষণস্থায়ী স্মৃতি, দীর্ঘস্থায়ী স্মৃতি।

**প্রশ্ন 23. ম্যাসলোর মতে প্রাথমিক চাহিদাগুলি কী? (What are the basic needs according to Maslow ?)**

**উত্তর:** ম্যাসলোর মতে, মানুষের প্রাথমিক চাহিদাগুলি হল—(i) শারীরবৃত্তীয় চাহিদা, (ii) নিরাপত্তার চাহিদা, (iii) ভালোবাসার চাহিদা, (iv) আত্মপ্রতিষ্ঠার চাহিদা এবং (v) আত্মসম্মানের চাহিদা।

**প্রশ্ন 24. শিখনের জ্ঞানগত তত্ত্ব কী? (What is Cognitive theory of Learning ?)**

**উত্তর:** শিখনের যে তত্ত্বে একক উদ্দীপক ও প্রতিক্রিয়ার সংযোগের উপর গুরুত্ব না দিয়ে পরিস্থিতির সামগ্রিকতা ও আচরণের উপর গুরুত্ব দেওয়া হয় তা হল শিখনের জ্ঞানমূলক তত্ত্ব।

**প্রশ্ন 25. শিখনের গেস্টাল্ট তত্ত্বের প্রবক্তা কারা? (Who are the introducers about Gestralt Theory ?)**

**উত্তর:** গেস্টাল্ট মতবাদের প্রবক্তা হলেন—মনোবিদ ওয়ার্দাইমার *(Wertheimer)*, কুর্ট কফকা *(Kurtz Koffka)* এবং উলফগ্যাং কোহ্‌লার *(Wolfgang Kohler)*।

**প্রশ্ন 26. সমগ্রবাদ কী? (What is Gestalt ?)**

**উত্তর:** গেস্টাল্ট হল একটি জার্মান শব্দ, এর অর্থ হল গঠন বা কাঠামো বা অবয়ব বা সম্পূর্ণ আকার, যা এই অংশগুলির সমন্বয় নয়। একটি ভিন্ন মাত্রা পায় যার উপর ভিত্তি করে মানসিক প্রক্রিয়া বিশেষ করে প্রত্যক্ষ এবং শিখন রূপ পায়।

Scanned with CamScanner

প্রশ্ন 27. অন্তর্দৃষ্টি কী? (What is insight ?)

উত্তর : অন্তর্দৃষ্টি হল এক ধরনের প্রত্যক্ষণ। কোনো ক্ষেত্রে সামগ্রিকভাবে প্রত্যক্ষণের মধ্যে যদি অসম্পূর্ণতা থাকে, সেই অসম্পূর্ণতা ব্যক্তির মধ্যে মানসিক চাপের সৃষ্টি করে। যার থেকে মুক্তি পাওয়ার জন্য ব্যক্তি সক্রিয় হয় এবং ক্ষেত্রের অসম্পূর্ণতা পূরণ করে।

প্রশ্ন 28. অন্তর্দৃষ্টিমূলক শিখন বলতে কী বোঝ? (What do you understand by insightful learning ?)

উত্তর : যে শিখন পরিস্থিতিকে সামগ্রিকভাবে প্রত্যক্ষণের পর অংশগুলির মধ্যে যথাযথ সমন্বয় করে প্রতিক্রিয়া করে তাকেই অন্তর্দৃষ্টিমূলক শিখন বলে।

প্রশ্ন 29. প্রেষণা কাকে বলে? (What is Motivation ?)

উত্তর : 'প্রেষণা' কথার অর্থ হল উদ্দেশ্যমুখী আচরণ সম্পাদনের প্রবণতা। এককথায়, ব্যক্তির বিভিন্ন প্রকার চাহিদা পরিতৃপ্তির জন্য যে পরিবর্তনশীল প্রক্রিয়া তার আচরণধারাকে নিয়ন্ত্রণ করে তা হল প্রেষণা।

প্রশ্ন 30. অনুরাগ কাকে বলে? (What is Interest ?)

উত্তর : অনুরাগের সংজ্ঞা বিষয়ে মনোবিদদের মধ্যে মতপার্থক্য রয়েছে। ম্যাকডুগালের মতে, অনুরাগ হল ব্যক্তির সুপ্ত মনোযোগ। হার্বার্ট বলেন, অনুরাগ হল নতুন জ্ঞান সংগ্রহের জন্য প্রস্তুতি। ড্রেভারের মতে, মনোভাবের গতিশীল অবস্থাই হল অনুরাগ।

প্রশ্ন 31. শিখনের শিক্ষককেন্দ্রিক শর্তগুলি কী? (What are the teacher-related conditions of Learning ?)

উত্তর : যে সমস্ত শর্তের দ্বারা শিক্ষক যথাযোগ্যভাবে শিক্ষার্থীকে সক্রিয় করতে সক্ষম হন সেগুলিকে শিখনের শিক্ষককেন্দ্রিক শর্ত বলা হয়। এই শর্তগুলি হল—শিখনের উদ্দেশ্য সম্বন্ধে শিক্ষার্থীদের সচেতন করা, শিখনের বাস্তবমুখী উদ্দেশ্য সম্বন্ধে সচেতন করা, আধুনিক শিক্ষণপদ্ধতির ব্যবহার, বিভিন্ন মাধ্যমের ব্যবহার, শিক্ষার্থীর কৃতকার্যতা সম্বন্ধে স্বচ্ছ ধারণা, শিক্ষার্থীকে তার অগ্রগতি সম্পর্কে সচেতন করা, শিক্ষণীয় বিষয় আকর্ষণীয়ভাবে উপস্থাপন করা, যথাযথ নির্দেশনা দান ইত্যাদি।

প্রশ্ন 32. শিখন কৌশলগুলি উল্লেখ করো। (What are the Learning technique ?)

উত্তর : শিক্ষার্থী যে উপায়ে শিখন সম্পন্ন করে তাকে শিখন কৌশল বলে। সাধারণ যে উপায়ে শিখন পরিচালনা করে তা হল—(ক) সমগ্র এবং অংশ পদ্ধতি: শিখনীয় বিষয়টি যখন সমগ্রভাবে পাঠ করা হয় তাকে সামগ্রিক পদ্ধতি বলে। যখন আংশিকভাবে পাঠ করা হয় তখন আংশিক পদ্ধতি বলে। (খ) সবিরাম এবং অবিরাম পদ্ধতি: শিখনীয় বিষয়টি অনুশীলনের মধ্যে বিরতি দেওয়া হলে বলা হয় সবিরাম পদ্ধতি আর একনাগারে পাঠ করা হলে বলা হয় অবিরাম

Scanned with CamScanner

পদ্ধতি। (গ) অতিশিখন: শিখন সম্পন্ন হওয়ার পরেও যদি অনুশীলন করা হয় তাকে বলে অতিশিখন কৌশল।

**প্রশ্ন 33. শিখনের বিষয়কেন্দ্রিক শর্তগুলি কী? (What are the content-related conditions of Learning ?)**

**উত্তর :** শিখনের জন্য শিক্ষার্থীকে সক্রিয় করে তোলা প্রয়োজন। শিক্ষার্থীকে আত্ম-সক্রিয় করার বিষয়বস্তু আকর্ষণীয়ভাবে উপস্থাপন করতে হয়। যেসব শর্ত শিখনীয় বিষয়বস্তুকে আকর্ষণীয় করে তোলে সেগুলি হল বিষয়কেন্দ্রিক শর্ত। এই শর্তগুলি হল—শিক্ষণ সহায়ক বস্তু ব্যবহার, শিক্ষামূলক প্রদীপন ব্যবহার, সুলভ বস্তু দিয়ে বিষয়বোধের অনুকূল প্রদীপন গঠন বিভিন্ন মাধ্যমের ব্যবহার ইত্যাদি।

**প্রশ্ন 34. শিখনের সমগ্র পদ্ধতি কী? (What is whole method of Learning ?)**

**উত্তর :** শিখনের বিষয়বস্তুর সম্পূর্ণটি যখন বারবার পুনরাবৃত্তির মাধ্যমে শিখন সম্পন্ন করা হয় তাকে বলা হয় সমগ্র পদ্ধতি।

**প্রশ্ন 35. শিখনের আংশিক পদ্ধতি কী? (What is part method of Learning ?)**

**উত্তর :** শিখনের বিষয়বস্তুটিকে যখন ছোটো ছোটো কয়েকটি অংশে ভাগ করে এবং সেগুলি পাঠের মাধ্যমে শিখন হয় তখন সেই পদ্ধতিকে আংশিক পদ্ধতি বলা হয়।

**প্রশ্ন 36. অতিশিখন কী? (What is Overlearning ?)**

**উত্তর :** যখন শিকন সম্পন্ন হওয়ার পরেও অনুশীলন চালিয়ে যাওয়া হয়, তাকে অতিশিখন বলা হয়।

**প্রশ্ন 37. সবিরাম পদ্ধতি কী? (What is Spaced method ?)**

**উত্তর :** শিখনের ক্ষেত্রে বিষয়বস্তুর অনুশীলনের সময় যদি বিরাম দেওয়া হয় তাকে সবিরাম পদ্ধতি বলে। পরীক্ষায় দেখা গেছে অধিকাংশ ক্ষেত্রে সবিরাম পদ্ধতি অপেক্ষাকৃত কার্যকরী।

**প্রশ্ন 38. অবিরাম পদ্ধতি কী? (What is massed method ?)**

**উত্তর :** শিখনের সময় বিষয়বস্তু অনুশীলনে কোনো বিরতি না দিয়ে যতক্ষণ পর্যন্ত শিখন সম্পন্ন না হয় ততক্ষণ যদি একনাগাড়ে অনুশীলন চালিয়ে যাওয়া হয় তাকে অবিরাম পদ্ধতি বলে। নাতিদীর্ঘ বিষয়বস্তুর ক্ষেত্রে অবিরাম পদ্ধতি কার্যকরী।

**প্রশ্ন 39. শিক্ষাক্ষেত্রে গেস্টাল্ট মতবাদের তাৎপর্য কী? (What is the importance of Gestalt theory in Education ?)**

**উত্তর :** গেস্টাল্ট মনোবিদদের সমগ্রতাবাদ শিক্ষাব্যবস্থাকে নানাভাবে প্রভাবিত করেছে। এই নীতি অনুযায়ী আধুনিক শিক্ষার দুটি মূলনীতি 'সমগ্র থেকে অংশের দিকে' এবং 'মূর্ত থেকে বিমূর্তের দিকে' গঠিত হয়েছে, শিখনীয় বিষয়ের অংশগুলির মধ্যে সম্পর্কস্থাপন যে শিখনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ তা এই তত্ত্ব থেকে প্রমাণিত হয়। গেস্টাল্ট তত্ত্ব প্রমাণ করে যে, শিখনের ক্ষেত্রে শিক্ষার্থীর সক্রিয়তা একান্ত

Scanned with CamScanner

প্রয়োজন। এই তত্ত্বের প্রভাবে আধুনিক শিক্ষাক্ষেত্রে সংশ্লেষণ থেকে বিশ্লেষণে এবং পরে পুনরায় সংশ্লেষণে যাওয়া হয়।

**প্রশ্ন 40. প্রেষণার প্রকৃতি কী? (What is nature of motivation ?)**

**উত্তর :** মানুষের সক্রিয়তা বিশ্লেষণ করার জন্য মনোবিদগণ যে সমস্ত জৈব-মানসিক প্রবণতার কথা স্বীকার করেন সেগুলির মধ্যে অন্যতম হল প্রেষণা। প্রেষণা হল গতিশীল, পরিবর্তনশীল এবং নিয়ন্ত্রণমূলক প্রক্রিয়া। গিলফোর্ডের মতে, উদ্দেশ্য দ্বারা প্রণোদিত হলে আমাদের মধ্যে যে সক্রিয়তার সৃষ্টি হয় তা হল প্রেষণা।

**প্রশ্ন 41. প্রেষণা ক্রিয়া কীভাবে কার্যকর হয়? (How motivation become effective ?)**

**উত্তর :** প্রেষণা আকস্মিকভাবে কার্যকর হয় না। কয়েকটি পর্যায়ের মাধ্যমে প্রেষণা জাগ্রত হয়ে থাকে। এইগুলি হল পর্যায়ক্রমে—চাহিদা—তাড়না—প্রেষণা—আচরণ—উদ্দেশ্য—চাহিদা নিবৃত্তি।

**প্রশ্ন 42. প্রেষণা কত প্রকার ও কী? (What are the types of motivations ?)**

**উত্তর :** প্রকৃতি অনুযায়ী প্রেষণাকে 3টি শ্রেণিতে ভাগ করা হয়। এই 3 প্রকার প্রেষণা হল—জৈবিক প্রেষণা, ব্যক্তিগত প্রেষণা এবং সামাজিক প্রেষণা।

**প্রশ্ন 43. জৈবিক প্রেষণা কী? একটি উদাহরণ দাও। (What is Biological motivation ? Give Example.)**

**উত্তর :** মানুষের জৈবিক চাহিদা থেকে যে প্রেষণা সৃষ্টি হয় তা হল জৈবিক প্রেষণা। যৌনতা হল জৈবিক প্রেষণা।

**প্রশ্ন 44. মানুষের 5টি মৌলিক চাহিদা কী? (What are five basic needs of human being ?)**

**উত্তর :** চাহিদা মানুষের আচরণের উৎস। Maslow মানুষের চাহিদাগুলিকে পাঁচভাগে ভাগ করেছেন—শারীরবৃত্তীয় চাহিদা, নিরাপত্তার চাহিদা, ভালোবাসার চাহিদা আত্মসম্মানের চাহিদা, আত্মপ্রকাশের চাহিদা।

**প্রশ্ন 45. পারদর্শিতার প্রেষণা কী? (What is Achievement motivation ?)**

**উত্তর :** সাফল্যলাভের প্রেষণা সম্পর্কে ডেভিড ম্যাকলেল্যান্ড বলেন—সাফল্যলাভের প্রত্যাশা মানুষকে নির্দিষ্ট আচরণে শক্তি জোগায়। এই শক্তির উৎসই হল সাফল্যলাভের প্রেষণা।

**প্রশ্ন 46. পরিণমনের সঙ্গে চাহিদার সম্পর্ক কী? (What is relation between maturation and demand ?)**

**উত্তর :** পরিণমনের ফলে বিকাশ ঘটে এবং বিকাশের ফলে নতুন চাহিদা দেখা দেয়। উদাহরণস্বরূপ পায়ের পেশির পরিণমনের ফলে শিশুর মধ্যে হাঁটা, দৌড়ানোর চাহিদা দেখা দেয়। মস্তিষ্কে পরিবর্তন শিশুর মধ্যে নতুন কাজের চাহিদা সৃষ্টি করে।

Scanned with CamScanner

**প্রশ্ন 47. শিখন প্রক্রিয়ার বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। (Mention the characteristics of learning of process.)**

**উত্তর :** শিখন প্রক্রিয়ার বৈশিষ্ট্যগুলি হল—(i) শিখন অনুশীলনের ফল। (ii) শিখন হল ব্যক্তিনির্ভর প্রক্রিয়া। (iii) শিখন প্রেষণানির্ভর প্রক্রিয়া। (iv) শিখনের ফলে বিকাশ ঘটে। (v) শিখন উদ্দেশ্যমুখী প্রক্রিয়া। (vi) শিখনের দ্বারা ব্যক্তি নতুন আচরণ সম্পন্ন করার যোগ্যতা অর্জন করে।

**প্রশ্ন 48. পরিণমনের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। (Mention the characteristics of maturation.)**

**উত্তর :** পরিণমনের বৈশিষ্ট্যগুলি হল—

(i) পরিণমনের ফলে ব্যক্তির আচরনে পরিবর্তন আসে।
(ii) পরিণমন ব্যক্তি বা সমাজের চাহিদা নির্ভর নয়।
(iii) পরিণমন জৈবিক বিকাশের উপর নির্ভরশীল।
(iv) পরিণমন স্বতস্ফূর্ত।

**প্রশ্ন 49. শিক্ষাক্ষেত্রে পরিণমনের গুরুত্ব লেখো। (Write the importance of maturation in education.)**

**উত্তর :** শিক্ষাক্ষেত্রে পরিণমনের গুরুত্বগুলি হল—

(i) পাঠক্রমিক এবং সহপাঠক্রমিক কার্যবলী নির্দিষ্টকরণে হয়।
(ii) শৈশবকালীন শিক্ষায় বয়স অনুযায়ী পরিণমন না হলে বিশেষ শিক্ষা প্রয়োজন।
(iii) পরিণমনের প্রভাব বিশেষ গুরুত্ব পায়।

**প্রশ্ন 50. মনোযোগের আধুনিক সংজ্ঞা দাও। (Write the definition of modern attention.)**

**উত্তর :** ম্যাকডুগাল *(McDougall)*-এর মতে, যে মানসিক সক্রিয়তা আমাদের প্রত্যক্ষণের উপর প্রভাব বিস্তার করে তাই হল মনোযোগ।

**প্রশ্ন 51. মনোযোগের চারটি বৈশিষ্ট্য উল্লেখ করো। (Mention four characteristics of attention.)**

**উত্তর :** মনোযোগের বৈশিষ্ট্যগুলি হল—(i) মনোযোগ নির্বাচনধর্মী মানসিক প্রক্রিয়া। (ii) মনোযোগ পরিবর্তনশীল। (iii) মনোযোগ এক বস্তু থেকে অন্য বস্তুতে সঞ্চালিত হয়। (iv) মনোযোগের পরিসরে ব্যক্তিভেদে পার্থক্য দেখা যায়।

**প্রশ্ন 52. মনোযোগের কারণ কী? (What is the cause of attention ?)**

**উত্তর :** মনোযোগের একাধিক কারণ আছে তার মধ্যে অন্যতম হল—

(i) উদ্দীপক সংক্রান্ত কারণ,
(ii) দৈহিক অবস্থা সংক্রান্ত কারণ ও
(iii) মানসিক অবস্থা সংক্রান্ত কারণ।



Scanned with CamScanner

**প্রশ্ন 55. শিক্ষাক্ষেত্রে মনোযোগের গুরুত্ব আলোচনা করো। (Discuss the importance of attention in Education.)**

**উত্তর :** মনোযোগ শিখনের অন্যতম শর্ত, মনোযোগ শিখনকে দ্রুত ও সহজ করে তোলে। সেই কারণে শিক্ষকের প্রথম কাজ হল শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করা।

**প্রশ্ন 56. মনোযোগ কয়প্রকার ও কী? (How many kinds are attention ?)**

**উত্তর :** মনোযোগ তিন প্রকার—(i) ইচ্ছা নিরপেক্ষ মনোযোগ, (ii) ইচ্ছা প্রণোদিত মনোযোগ ও (iii) প্রবৃত্তিমূলক মনোযোগ।

**প্রশ্ন 57. মনোযোগের পরিসর বলতে কী বোঝায়? (What do you mean by the span of attention ?)**

**উত্তর :** একই সঙ্গে যতগুলি বস্তুতে আমরা মনোযোগ দিতে পারি তাকেই মনোযোগের পরিসর বলে। মনোযোগের পরিসরে ব্যক্তিগত পার্থক্য দেখা যায়।

**প্রশ্ন 58. উদাহরণসহ মনোযোগের ব্যক্তিগত নির্ধারক ব্যাখ্যা করো। (Explain subjective determinants of attention.)**

**উত্তর :** মনোযোগ যখন ব্যক্তিগত, বৈশিষ্ট্যের দ্বারা উদ্দীপিত হয় তাকে ব্যক্তিগত নির্ধারক বলে, যেমন— আগ্রহ, অভ্যাস, প্রবৃত্তি, সেন্টিমেন্ট ইত্যাদি।

**প্রশ্ন 59. আগ্রহ কাকে বলে? (What is interest ?)**

**উত্তর :** আগ্রহ হল অর্জিত একটি 'মোটিভ' যার উৎস হল ব্যক্তির সহজাত চাহিদা যা ব্যক্তিকে এমনভাবে কাজ করতে প্রেরণা জোগায় যাতে ব্যক্তির অভ্যন্তরীণ চাহিদা পূরণ করে।

**প্রশ্ন 60. পাঠের প্রতি আগ্রহ সঞ্চারে দুটি কৌশলের উল্লেখ করো। (Mention two techniques of drawing attention to class lesson.)**

**উত্তর :** পাঠের প্রতি আগ্রহ আনয়নের দুটি কৌশল হল—

(ক) শিক্ষার্থীর বয়স, মানসিক বিকাশ, চাহিদা ও সামর্থ্যের সঙ্গে সামঞ্জস্য বজায় রেখে পাঠ্যবিষয় নির্বাচন করা।

(খ) পঠন-পাঠনের ক্ষেত্রে জানা থেকে অজানা, মূর্ত থেকে বিমূর্ত প্রভৃতি শিক্ষানীতি অনুসরণ করা।

**প্রশ্ন 59. প্রেষণার বৈশিষ্ট্যগুলি কী? (What are the characteristics of motivation ?)**

**উত্তর :** প্রেষণার বৈশিষ্ট্যগুলি হল—

(i) প্রেষণার উৎস হল চাহিদা।

(ii) প্রেষণা উদ্দেশ্যমুখী।

(iii) প্রেষণা ব্যক্তিকে কর্মে উদ্যোগী করে।

(iv) প্রেষণা ব্যক্তিকে কাজ চালিয়ে যেতে শক্তি জোগায়।

Scanned with CamScanner

**প্রশ্ন 60. মনোযোগের নির্ধারকগুলিকে ক-ভাগে এবং কী কী ভাগে ভাগ করা হয়? (What are the types of determinants of attention?)**

**উত্তর:** মনোযোগের নির্ধারকগুলিকে দু-ভাগে ভাগ করা হয়—বস্তুগত নির্ধারক এবং ব্যক্তিগত নির্ধারক।

**প্রশ্ন 60. বিদ্যালয়ে শিক্ষার্থীদের কীভাবে প্রেষণা জাগ্রত করা হয়? (How to motivate students in school ?)**

**উত্তর:** বিদ্যালয়ে শিক্ষার্থীদের প্রেষণা সঞ্চারের কৌশলগুলি হল—

(i) শিখনীয় বিষয়বস্তুর প্রয়োজনীয়তা অনুধাবন করা এবং লক্ষ্য স্থির করা।

(ii) শাস্তি ও পুরস্কার নীতি চালু করা।

(iii) প্রশংসা করা।

(iv) পাঠদানে নতুনত্ব নিয়ে আসার আগ্রহ সৃষ্টি করা

**প্রশ্ন 61. সংরক্ষণ বা ধারণ কাকে বলে? (What is Retention ?)**

**উত্তর:** শিখনীয় বিষয় বা অভিজ্ঞতাকে মস্তিষ্কে ধরে রাখাকে ধারণ বা সংরক্ষণ বলে।

**প্রশ্ন 62. পুনরুদ্রেক বলতে কী বোঝায়? (What is Re-call ?)**

**উত্তর:** অনুশীলনের মাধ্যমে অর্জিত বিষয়কে প্রয়োজন অনুযায়ী ব্যক্ত করার প্রক্রিয়াকে পুনরুদ্রেক বা পুনরুৎপাদন বলে।

**প্রশ্ন 63. প্রত্যভিজ্ঞা কাকে বলে? (What is Recognition ?)**

**উত্তর:** অর্জিত বিষয় এবং অভিজ্ঞতাকে চিনে নেওয়াকে প্রত্যভিজ্ঞা বলে।

**প্রশ্ন 66. তীক্ষ্ণ স্মৃতির লক্ষণ কী? (What is the symptom of sharp memory ?)**

**উত্তর:** তীক্ষ্ণ স্মৃতির লক্ষণ হল—(i) শিক্ষাগ্রহণের ক্ষিপ্রতা, (ii) স্মৃতির দীর্ঘ স্থায়িত্ব, (iii) পুনরুদ্রেকের তৎপরতা, (iv) স্মৃতি কার্যকারিতা ও (v) পুনরুদ্রেকের যথার্থতা বা নির্ভুলতা।

**প্রশ্ন 66. স্মৃতির উন্নতি কি সম্ভব? (Can memory be improved ?)**

**উত্তর:** প্রকৃত অর্থে স্মৃতির উন্নতি সম্ভব না হলেও বিভিন্ন কৌশল প্রয়োগ করে স্মৃতির কার্যকারিতা বৃদ্ধি করা যায়।

**প্রশ্ন 67. স্মরণের প্রক্রিয়ার উপাদানগুলি কী? (What are the Components of memory ?)**

**উত্তর:** স্মৃতি একটি জটিল প্রক্রিয়া যাকে তিনটি উপাদান বা অংশে ভাগ করা যায়—(ক) শিখন বা স্থিরকরণ (খ) সংরক্ষণ বা ধারণ (গ) পুনরুত্থাপন। পুনরুত্থাপনকে আবার দু-ভাগে ভাগ করা যায় পুনরুদ্রেক এবং প্রত্যভিজ্ঞা বা চিনে নেওয়া।

**প্রশ্ন 69. বিস্মৃতি কী? (What is Forgetting ?)**

**উত্তর:** অধীত বিষয় বা অভিজ্ঞতা যখন প্রয়োজনের সময় মনে করা যায় না তাকে ভুলে যাওয়া বা বিস্মৃতি বলে।

Scanned with CamScanner

**প্রশ্ন 72. শিক্ষায় স্থিতাবস্থা কাকে বলে? (What is stability in education?)**

**উত্তর :** শিক্ষার্থীর উন্নতি একটানা সমান নয়। কিছুদিন দ্রুত উন্নতির পর উন্নতিতে স্থিতাবস্থা আসে, এই স্থিতাবস্থা কালকে বা অনুন্নতি কালকে মনোবিদগণ শিক্ষাদানের স্থিতাবস্থা বা স্থাণুভাব বলেন। আগে মনে করা হত, প্রত্যেক বিষয়ের শিক্ষায় এরূপ স্থাণুভাব আসে। আজকাল আর এটা মানা হয় না।

**প্রশ্ন 73. শিশুরা অনুকরণের মাধ্যমে কীভাবে শেখে তার দুটি উদাহরণ দাও। (How children learn by imitation ? Give two example.)**

**উত্তর :** শৈশবে অনুকরণই হল শিখনের উপায়। পিতামাতা ও পরিবারের অন্যান্যদের অনুকরণ করে সে কথা বলতে, পোশাক পরতে, জুতোর ফিতে বাঁধতে, এমনকি চলতে শেখে। সামাজিক আচরণ শিশুরা অনুকরণের মাধ্যমেই শেখে।

**প্রশ্ন 74. প্রতিবর্ত ক্রিয়া সম্পর্কে প্যাভলভের আবিষ্কারটি কী? (What is invention by Pavlov about reflection ?)**

**উত্তর :** প্যাভলভ পরীক্ষণের দ্বারা প্রমাণ করেছেন, যে উদ্দীপকের সঙ্গে স্বাভাবিক আচরণের সংযোগ শিথিল করা সম্ভব এবং স্বাভাবিকভাবে যে উদ্দীপকের সাড়া যা নয়, কার্যকালে তার সঙ্গেই সংযোগস্থাপন করা যায়।

**প্রশ্ন 75. শৈশব বলতে কী বোঝো? (What is childhood ?)**

**উত্তর :** সাধারণত জন্মের পর থেকে পাঁচ বা ছয় বছর বয়স পর্যন্ত সময়কালকে শৈশব বলা হয়।

**প্রশ্ন 76. আধুনিক শিক্ষার ক্ষেত্রকে কয় ভাগে ভাগ করা হয় ও কী? (How many types of education classified ?)**

**উত্তর :** আধুনিক শিক্ষার ক্ষেত্রকে 3টি ভাগে ভাগ করা হয়। যথা—(i) মনোবৈজ্ঞানিক, (ii) বৈজ্ঞানিক ও (iii) সমাজবৈজ্ঞানিক।

**প্রশ্ন 77. আধুনিক শিক্ষার কয়েকটি পদ্ধতির নাম উল্লেখ করো। (Write down some modern process of education.)**

**উত্তর :** (i) মন্তেসরি শিক্ষা, (ii) কিন্ডারগার্টেন শিক্ষা, (iii) প্রকল্প পদ্ধতির শিক্ষা, (iv) ডাল্টন মতানুসারে শিক্ষা, (v) আবিষ্কার পদ্ধতি, (vi) প্রদর্শন পদ্ধতি, (vii) গ্যারি পদ্ধতি ও (viii) পরিকল্পিত পদ্ধতি।

**প্রশ্ন 79. শারীরিক প্রেষণা কাকে বলে? (What is physical motivation ?)**

**উত্তর :** যে প্রেষণা প্রাণীর অস্তিত্ব রক্ষার জন্য প্রয়োজন তাকে শারীরিক প্রেষণা বলে। যেমন—খাদ্য, পানীয়, অক্সিজেন, যৌনতা, দেহের দূষিত পদার্থ নিঃসরণ, দেহের তাপ ইত্যাদি।

**প্রশ্ন 80. ব্যক্তিগত প্রেষণা কাকে বলে? (What is personal motivation ?)**

**উত্তর :** ব্যক্তির বৈশিষ্ট্যকে ভিত্তি করে যে প্রেষণাগুলি কার্যকারী হয় তাকে ব্যক্তিগত প্রেষণা বলে। এই ধরনের প্রেষণা অসংখ্য। প্রকৃতপক্ষে ব্যক্তিগত বৈশিষ্ট্য যত অধিক হবে এই ধরনের প্রেষণার সংখ্যা তত বৃদ্ধি পাবে। এই ধরনের প্রেষণা

Scanned with CamScanner

যা সকলের সঙ্গে দেখা যায় তার মধ্যে উল্লেখযোগ্য হল আগ্রহ, মূল্যবোধ, মনোভাব, আত্মসচেতনতা ইত্যাদি।

**প্রশ্ন 81. সামাজিক প্রেষণা কাকে বলে? (What is personal motivation ?)**

**উত্তর:** সমাজে বাস করার ফলে যে চাহিদাগুলি তৈরি হয় তাকে সামাজিক প্রেষণা বলে। সামাজিক প্রেষণা সামাজিক পরিবেশেই অর্জিত হয়। এই প্রেষণার উদাহরণ হল—সামাজিক মর্যাদা, ভালোবাসা, শ্রদ্ধা, আত্মসম্মান ইত্যাদি।

**প্রশ্ন 82. প্রেষণার নির্ধারকগুলি কী? (What are the determinants of motivation ?)**

**উত্তর:** প্রেষণার নির্ধারকগুলি হল—(a) তাড়না, (b) চাহিদা, (c) অনুসরণ, (d) কৌতূহল, (e) উদ্‌বেগ, (f) মূল্যবোধ, (g) নিয়ন্ত্রণ কেন্দ্র, (h) অর্জিত অসহায়, (i) দক্ষতা সম্বন্ধে আত্মবিশ্বাস, (j) সফলতা, (k) উদ্‌বোধক, (l) অভ্যাস, (m) পরিবেশ ও (n) জীবনাদর্শ ইত্যাদি।

**প্রশ্ন 83. প্রেষণার সঙ্গে আগ্রহের সম্পর্ক কী? (What is the relation between motivation and attention ?)**

**উত্তর:** আগ্রহ প্রেষণার একটি গুরুত্বপূর্ণ নির্ধারক। যে বিষয়বস্তু, কাজ বা ধারণা সম্পর্কে কোনো ব্যক্তির চাহিদা জন্মায় সেটি আয়ত্ত করার জন্য স্বাভাবিকভাবেই ব্যক্তির আগ্রহ দেখা যায়। এই আগ্রহের ফলে ব্যক্তির সঙ্গে প্রেষণা সৃষ্টি হয়, অর্থাৎ আগ্রহকারক প্রেষণা তার কার্য।

**প্রশ্ন 84. কীভাবে আগ্রহের সাহায্যে প্রেষণাকে স্থায়ী করা যায়? (How the motivation durable by attention ?)**

**উত্তর:** শিক্ষার্থীর মধ্যে আগ্রহ সৃষ্টি করে তাকে ধরে রেখে প্রেষণাকে স্থায়ী করা যায়। এক্ষেত্রে শিক্ষক কয়েকটি কাজ করতে পারেন, যেমন—(i) বিষয় সম্পর্কে শিক্ষার্থীর চাহিদা সৃষ্টি করা। (ii) চাহিদাগুলির সঙ্গে সামঞ্জস্য রেখে শিক্ষার বিষয় পদ্ধতি নির্দিষ্ট করা। (iii) শিক্ষার্থীদের নিজের কাজে মূল্যায়নে সাহায্য করা ইত্যাদি।

**প্রশ্ন 86. প্রেষণা বজায় রাখতে শিক্ষক কী কী বিষয়ের উপর লক্ষ করবেন? (On what subject that teacher will have to notice according to motivation ?)**

**উত্তর:** প্রেষণা অনুসারে শিক্ষক যে যে বিষয়ের উপর লক্ষ করবেন সেগুলি হল—(i) উপযুক্ত পাঠ্য বিষয়, পাঠক্রম এবং পাঠ-পদ্ধতি নির্বাচন। (ii) শিক্ষার্থীদের চাহিদা তৈরি এবং সামর্থ্য অনুযায়ী লক্ষ্যমাত্রা নির্ধারণ। (iii) সঠিক মূল্যায়ন (iv) পক্ষপাতহীনতা, সহযোগিতা ও সহমর্মিতা ইত্যাদি।

**প্রশ্ন 88. তাড়না কাকে বলে? (What is drive ?)**

**উত্তর:** অভাববোধ ব্যক্তির মধ্যে যে মানসিক অবস্থা সৃষ্টি করে তাকে তাড়না বলে।

Scanned with CamScanner

**প্রশ্ন 89. তাড়না কত প্রকারের? (How many kinds of drive ?)**

**উত্তর:** তাড়নাকে দু-ভাগে ভাগ করা যায়। প্রথমত, জৈবিক বা প্রাথমিক তাড়না যেমন—ক্ষুধা, তৃষ্ণা, ব্যথা থেকে মুক্তি, যৌনতা ইত্যাদি। দ্বিতীয়ত সমাজ মনস্তাত্ত্বিক বা গৌণ তাড়না, যেমন—ভয়, দুশ্চিন্তা, আত্মপরিচিতি, সাফল্য ইত্যাদি।

**প্রশ্ন 92. নিয়ন্ত্রণ কেন্দ্র কী? (What is restraint centre ?)**

**উত্তর:** প্রত্যেক ব্যক্তি তার আচরণকে ব্যাখ্যা করার চেষ্টা করে একেই বলে আচরণের নিয়ন্ত্রণ কেন্দ্র। মনোবিদ বার্কার দু-ধরনের নিয়ন্ত্রণ কেন্দ্র উল্লেখ করেছেন—বাহ্য নিয়ন্ত্রণ কেন্দ্র ও আন্তনিয়ন্ত্রণ কেন্দ্র। কোনো ঘটনার জন্য যখন বাহ্যিক পরিবেশকে দায়ী করা হয় তা হল বাহ্য নিয়ন্ত্রণ কেন্দ্র, আর ঘটনার জন্য যখন ব্যক্তি নিজেকে দায়ী করে তখন তা আন্তনিয়ন্ত্রণ কেন্দ্র।

**প্রশ্ন 93. অর্জিত অসহায়ত্ব কী? (What is earned helplessness?)**

**উত্তর:** কোনো ব্যক্তি বা প্রাণী বিশেষ কোনো কাজে বারবার ব্যর্থ হলে তার মধ্যে যে হতাশা সৃষ্টি হয় তাকে মনোবিজ্ঞানীরা অর্জিত অসহায়ত্ব বলেছেন। এর ফলে শিক্ষার্থীরা আত্মবিশ্বাস হারায় এবং হতাশাগ্রস্ত হয়ে পড়ে।

**প্রশ্ন 94. আত্মকার্যকারিতা কী? (What is self efficacy ?)**

**উত্তর:** কোনো কোনো ব্যক্তি তাদের জীবনকে নির্দিষ্ট পথে পরিচালিত করতে পারে। তারা আত্মবিশ্বাসের সঙ্গে যে-কোনো পথে অগ্রসর হতে পারে। এই আত্মবিশ্বাস তাদের যে-কোনো কাজে প্রেষণা সঞ্চার করে। নিজের প্রতি এই বিশ্বাসকেই আত্মকার্যকারিতা বলে।

**প্রশ্ন 95. প্রেষণার কয়েকটি উল্লেখযোগ্য তত্ত্বের নাম করো। (Name some important theory of motivation.)**

**উত্তর:** প্রেষণার বিভিন্ন প্রকার তত্ত্বের মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি হল—

(i) ম্যাসলোর চাহিদার ক্রমপর্যায় তত্ত্ব (Maslow's Needs Hierarchy Theory)।

(ii) ওয়াইনারের কারণ নির্দেশক তত্ত্ব (Weiner's Attribution Theory)।

(iii) ম্যাকলেল্যান্ডের সাফল্যলাভের প্রেষণার তত্ত্ব (McClelland's Achievement Motivation Theory)।

(iv) ফ্রয়েডের মনোবিশ্লেষণ তত্ত্ব (Freud's Psychoanalytic Theory)।

(v) ম্যাগডুগালের প্রেষণার তত্ত্ব (McDougall's Instinct Theory of Motivation)।

**প্রশ্ন 97. প্রেষণা হ্রাসের কারণ কী? (What is the cause of motivation diminishing ?)**

**উত্তর:** বিভিন্ন কারণে প্রেষণা হ্রাস পেতে পারে। যেমন—(i) কাজের কাঠিন্য, (ii) উদ্‌বেগ, (iii) আগ্রহের অভাব, (iv) কৌতূহলের অভাব, (v) অর্জিত

অসহায়ত্ব, (vi) প্রক্ষোভ, (vii) আত্মবিশ্বাসের অভাব, (viii) প্রতিকূল পরিবেশ, (ix) শারীরবৃত্তীয় চাহিদা পূরণ না হওয়া, (x) নিরাপত্তার অভাব, (xi) ভালোবাসার চাহিদা পূরণের অভাব, (xii) আত্মসম্মানের চাহিদা পূরণের অভাব ও (xiii) আত্মপ্রতিষ্ঠার চাহিদা পূরণের অভাব।

**প্রশ্ন 98. প্রেষণা-সংক্রান্ত ইয়ার্কিস-ডড্‌সন সূত্রটি ব্যাখ্যা করো। (Explain Earkis-Dodson theory about motivation.)**

**উত্তর:** ইয়ার্কিস-ডড্‌সন সূত্রে বলা হয়েছে—কোনো কাজের দুরূহতার মান মাঝামাঝি হলে প্রেষণা সবচেয়ে বেশি হয়। দুরূহতার মান বৃদ্ধি বা হ্রাস পেলে প্রেষণার অভাব ঘটে।

**প্রশ্ন 100. ম্যাসলোর আত্মপ্রতিষ্ঠার চাহিদা ব্যাখ্যা করো। (Explain Maslow's need for self actualisation.)**

**উত্তর:** ম্যাসলোর চাহিদার পিরামিডে সর্বোচ্চ পর্যায়ে আছে আত্মপ্রকাশের চাহিদা। প্রতিটি ব্যক্তি তার শারীরিক ও মানসিক ক্ষমতার ব্যবহারের মধ্য দিয়ে নিজেকে প্রকাশ করতে চায়। একেই ম্যাসলো আত্মপ্রকাশের চাহিদা বলেছেন। এই চাহিদাপূরণে প্রেষণার বিশেষ ভূমিকা দেখা যায়। তবে এই ধরনের প্রেষণা সৃষ্টির জন্য ব্যক্তির অন্যান্য চাহিদাগুলিরও পরিতৃপ্ত হওয়া প্রয়োজন।

**প্রশ্ন 103. অভ্যন্তরীণ ও বাহ্যিক প্রেষণার মধ্যে পার্থক্য নির্ণয় করো। (What is the difference between extrinsic and intrinsic motivation?)**

**উত্তর:** ব্যক্তি যখন নিজের মধ্যেই কোনো অভীষ্ট পূরণের তাগিদ অনুভব করে এবং তার চাহিদা পূরণের চেষ্টা করে তখন অভ্যন্তরীণ প্রেষণা সৃষ্টি হয়।

ব্যক্তি যখন বাহ্যিক কোনো তাগিদে কোনো উদ্দেশ্যমুখী আচরণে প্রণোদিত হয় তখন যে প্রেষণা তৈরি হয় তাকে বাহ্যিক প্রেষণা বলে।

**প্রশ্ন 106. থর্নডাইক-এর প্রচেষ্টা ও ভুল কৌশলের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। (Mention the characteristics of Thorndike's Trial and Error theory.)**

**উত্তর:** প্রচেষ্টা ও ভুল কৌশলের বৈশিষ্ট্যগুলি হল—

(a) শিক্ষার্থীর সক্রিয়তা,
(b) শিক্ষার্থীর পুনরাবৃত্তি,
(c) সচেতনতা,
(d) বহুমুখী প্রতিক্রিয়া,
(e) ফললাভ,
(f) সাদৃশ্যভিত্তিক প্রতিক্রিয়া,
(g) আংশিক প্রতিক্রিয়া ও
(h) জৈব-মানসিক প্রস্তুতি।

**প্রশ্ন 109. থর্নডাইকের প্রচেষ্টা ও ভুল তত্ত্বটি কি? (What is Thorndikes Trial ?)**

**উত্তর:** প্রাণী কোনো সমস্যার সম্মুখীন হলে এলোমেলো আচরণ করে। ক্রমশ সঠিক আচরণগুলি বৃদ্ধি পায় এবং ভুল আচরণগুলি হ্রাস পায়। এইভাবে সঠিক আচরণটি নির্বাচন করে এবং ভুল আচরণগুলি বর্জন করে। একেই বলা হয় চেষ্টা ও ভ্রান্তি তত্ত্ব।

Scanned with CamScanner

**প্রশ্ন 107. অনুবর্তিত উদ্দীপক কী? (What is Conditioned Stimulus ?)**

**উত্তর :** মূল উদ্দীপকের সঙ্গে যুক্ত উদ্দীপক যখন সম প্রতিক্রিয়া ঘটায় তাকেই অনুবর্তিত উদ্দীপক বলে। যেমন—প্যাভলভের পরীক্ষায় ঘণ্টার শব্দ।

**প্রশ্ন 108. অনুবর্তন কী? (What is Conditioning ?)**

**উত্তর :** যে প্রক্রিয়ায় একটি অস্বাভাবিক উদ্দীপকের সঙ্গে যুক্ত কোনো উদ্দীপক স্বাভাবিক প্রতিক্রিয়ার কারণ হয় তাকে অনুবর্তন প্রক্রিয়া বলে। প্যাভলভের পরীক্ষায় ঘণ্টার শব্দে যখন কুকুরের লালা নিঃসরিত হয় তাকে অনুবর্তন বলে।

**প্রশ্ন 110. অনুবর্তনের শর্তগুলি উল্লেখ করো। (Mention the conditions of operant conditioning.)**

**উত্তর :** অনুবর্তনের শর্তগুলি হল—(i) যে উদ্দীপকের অনুবর্তন ঘটাতে হবে সেটিকে স্বাভাবিক উদ্দীপকের পূর্বে উপস্থাপন করতে হবে। (ii) অনুবর্তিত উদ্দীপক স্বাভাবিক উদ্দীপকের সঙ্গে যুক্ত অন্যান্য উদ্দীপকের চেয়ে শক্তিশালী হবে। (iii) অনুবর্তন সম্পন্ন করতে, বারবার একই নিয়মে উদ্দীপক উপস্থাপন করতে হবে।

**প্রশ্ন 112. অপানুবর্তন কী? (What is deconditioning ?)**

**উত্তর :** অনুবর্তন হওয়ার পর প্রথম দিকে অনুবর্তিত উদ্দীপক স্বাভাবিক উদ্দীপক ব্যতিরেকে স্বাভাবিক প্রতিক্রিয়া ঘটবে কিন্তু বারংবার যদি অনুবর্তিত উদ্দীপকের পর স্বাভাবিক উদ্দীপক না দেওয়া হয় সেক্ষেত্রে স্বাভাবিক প্রতিক্রিয়া আর দেখা যাবে না। একেই বলে অপানুবর্তন।

**প্রশ্ন 113. শিক্ষাক্ষেত্রে প্রাচীন অনুবর্তনের গুরুত্ব লেখো। (Write the importance of classical conditioning.)**

**উত্তর :** প্রাচীন অনুবর্তনের গুরুত্ব হল—(i) আদর্শ অভ্যাস গঠনে প্রয়োজন হয়। (ii) আদর্শ মনোভাব গঠনে শিক্ষক এই কৌশলের সাহায্য নিতে পারেন। (iii) বানান ও নামতা শিখনে এই কৌশল প্রয়োগ করা হয়। (iv) শিশুদের কু-অভ্যাস দূর করতে ব্যবহার করা হয়।

**প্রশ্ন 117. অন্তর্দৃষ্টিমূলক শিখন কৌশলের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। (Mention the characteristics of insightful learning process.)**

**উত্তর :** (i) মানসিক সক্রিয়তা (ii) সামগ্রিকতা বোধ। (iii) শিক্ষার্থীর পূর্ব অভিজ্ঞতা। (iv) শিখনের জন্য সমস্যামূলক পরিস্থিতির সামগ্রিক প্রত্যক্ষণ প্রয়োজন।

**প্রশ্ন 129. শ্রেণিকক্ষ পরিবেশের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো, যেগুলি প্রেষণাকে প্রভাবিত করে। (Mention two characteristic of congenial classroom environment which affect motivation.)**

**উত্তর :** মনোবিদ নিউম্যান শ্রেণিকক্ষের পরিবেশের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করেছেন—

(i) যেসব শিক্ষার্থীর নিজের যোগ্যতা সম্বন্ধে ধারণা নীচু এবং আত্মপ্রত্যয়ের ধারণা নেতিবাচক তারা ক্লাসের পরিবেশও দেখে নেতিবাচক।

Scanned with CamScanner

(ii) শ্রেণিকক্ষের পরিবেশ যদি সহযোগিতা, দলগত উৎসাহ ও পারস্পরিক বিশ্বাস ও আস্থার সহায়ক হয় তবে শিক্ষার্থীর প্রেষণা জাগ্রত হয় এবং শিখনের গতি ত্বরান্বিত হয়।

**প্রশ্ন 131. থর্নডাইকের 3টি মুখ্য শিখন সংক্রান্ত সূত্র কী? (What are Thorndike's three major laws of Learning ?)**

**উত্তর:** থর্নডাইকের প্রধান সূত্রগুলি হল—

(i) অনুশীলনের সূত্র (Law of Exercise)।

(ii) ফললাভের সূত্র (Law of Effect)।

(iii) প্রস্তুতির সূত্র (Law of Readiness)।

**প্রশ্ন 132. শিখন সংক্রান্ত থর্নডাইকের গৌণ সূত্রগুলি কী? (What are the Minor Laws of Learning of Thorndike ?)**

**উত্তর:** শিখন সংক্রান্ত থর্নডাইকের গৌণ সূত্রগুলি হল—

(i) বহুমুখী প্রতিক্রিয়ার সূত্র (Law of Multiple Response)।

(ii) মানসিক অবস্থার সূত্র (Law of Mental Set)।

(iii) আংশিক প্রতিক্রিয়ার সূত্র (Law of Partial Activity)।

(iv) আত্তীকরণ বা সাদৃশ্যের সূত্র (Law of Assimilation or Analogy)।

(v) অনুষঙ্গমূলক সঞ্চালনের সূত্র (Law of Associative Shifting)।

**প্রশ্ন 134. থর্নডাইকের ফললাভের সূত্রটি উল্লেখ করো। (State the law of effect according to Thorndike.)**

**উত্তর:** থর্নডাইক বলেন যে, উদ্দীপক ও প্রতিক্রিয়ার মধ্যে পরিবর্তনযোগ্য সংযোগটি যদি প্রাণীর কাছে তৃপ্তিদায়ক বা আনন্দদায়ক হয় তাহলে সেই সংযোগটি প্রাণীর মধ্যে দৃঢ়তর হয়। আর যদি সংযোগটির ফল প্রাণীর নিকট বিরক্তিকর হয় তাহলে সেই সংযোগটি ধীরে ধীরে বিলুপ্ত হয়ে যায়। থর্নডাইকের এই শিখনের সূত্রটিকে বলা হয় ফললাভের সূত্র।

**প্রশ্ন 136. ধ্রুপদি অনুবর্তনের প্রধান 3টি বৈশিষ্ট্য কী? (What are the three essential features of classical conditioning ?)**

**উত্তর:** ধ্রুপদি অনুবর্তনের প্রধান 3টি বৈশিষ্ট্য হল—

(i) উদ্দীপক সামান্যীকরণ (Stimulus Generalization)।

(ii) পার্থক্যকরণ (Discrimination) এবং

(iii) বিলুপ্তি (Extinction)।

**প্রশ্ন 137. ধ্রুপদি ও সক্রিয় অনুবর্তনের মধ্যে পার্থক্য উল্লেখ করো। (Distinguish between classical and operant conditioning.)**

**উত্তর:** ধ্রুপদি অনুবর্তনে প্রতিক্রিয়ার শক্তি প্রাথমিক অবস্থায় শূন্য ধরা হয়। কিন্তু সক্রিয় অনুবর্তন কোনো সময় শূন্য শক্তিসম্পন্ন হয় না। ওই প্রতিক্রিয়া সৃষ্টির ক্ষমতা প্রাণীর মধ্যে থাকে।

Scanned with CamScanner

**প্রশ্ন 157. গেস্টাল্টবাদীদের মতে শিখনের বৈশিষ্ট্যগুলি কী? (What are the characteristics of Learning according to Gestalt ?)**

**উত্তর :** গেস্টাল্টবাদীদের মতে শিখনের বৈশিষ্ট্যগুলি হল—

(i) পরিবর্তিত প্রত্যর্পণ। (ii) উন্নততর প্রতিক্রিয়া সম্পাদন। (iii) উদ্দীপক ও প্রতিক্রিয়া পৃথকীকরণ। (iv) উদ্দীপক ও প্রতিক্রিয়া সমন্বয়। (v) সামগ্রিক বোধ।

**প্রশ্ন 158. স্মৃতি কী? (What is Memory ?)**

**উত্তর :** অধীত বিষয় বা অতীত অভিজ্ঞতার ক্রমানুযায়ী পুনরুদ্রেক বা মনে করাকে স্মৃতি বলা হয়। মনোবিদ ***Woodworth*** বলেন, যে প্রক্রিয়ার সাহায্যে পূর্বে শেখা কোনো কাজকে একইভাবে সম্পন্ন করা যায় তাই হল স্মৃতি। মনোবিদ ***Stout*** বলেন, পূর্ব অভিজ্ঞতার সঙ্গো পূর্ণ সামঞ্জস্য রেখে আদর্শগতভাবে তাকে পুনরুদ্রেক করাই হল স্মৃতি।

**প্রশ্ন 160. দীর্ঘস্থায়ী স্মৃতি কী? (What is Long Term Memory ?)**

**উত্তর :** যখন অতীত বিষয় বা পূর্ব অভিজ্ঞতা দীর্ঘসময়ব্যাপী মস্তিষ্কে সঞ্চিত থাকে তখন তাকে দীর্ঘস্থায়ী স্মৃতি বলে। সাধারণত বিষয়বস্তুর অর্থ ও অন্যান্য বৈশিষ্ট্যের উপর এই ধরনের স্মৃতি নির্ভরশীল।

**প্রশ্ন 161. তাৎক্ষণিক স্মৃতি ও স্বল্পস্থায়ী স্মৃতির মধ্যে পার্থক্য কী? (What are the differences between Immediate Memory and Short term Memory ?)**

**উত্তর :** তাৎক্ষণিক স্মৃতির পরিসর স্বল্পস্থায়ী স্মৃতির পরিসর অপেক্ষা অধিক।

তাৎক্ষণিক স্মৃতি অপেক্ষা স্বল্পস্থায়ী স্মৃতির ধারণ সময় কিছুটা বেশি।

তাৎক্ষণিক স্মৃতির বিষয়বস্তু খুব তাড়াতাড়ি বিস্মরণ হয়, কিন্তু সক্রিয়তার সাহায্যে স্বল্পস্থায়ী স্মৃতি কিছুদিন মনে রাখা যায়।

**প্রশ্ন 162. স্বল্পস্থায়ী ও দীর্ঘস্থায়ী স্মৃতির পার্থক্য কী? (What are the differences between Short term Memory and Long term Memory?)**

**উত্তর :** স্বল্পস্থায়ী স্মৃতির ক্ষেত্রে বিষয়বস্তু মস্তিষ্কে দৃঢ়বদ্ধভাবে সঞ্চিত থাকে না, ফলে সহজেই বিস্ফোরণ ঘটে। কিন্তু দীর্ঘস্থায়ী স্মৃতির ক্ষেত্রে বিষয়বস্তু দীর্ঘ সময়ের জন্য মস্তিষ্কে সুসংবদ্ধভাবে সঞ্চিত থাকে।

স্বল্পস্থায়ী স্মৃতিতে সঞ্চিত বিষয়বস্তুর সংখ্যা কম, কিন্তু দীর্ঘস্থায়ী স্মৃতিতে এই সংখ্যা অনেক বেশি।

স্বল্পস্থায়ী স্মৃতির ক্ষেত্রে অন্যান্য বিষয়বস্তুর সঙ্গো সংযোগস্থাপন করে মনে রাখা হয় না। কিন্তু দীর্ঘস্থায়ী স্মৃতির ক্ষেত্রে অন্যান্য বস্তুর সঙ্গো সংযোগস্থাপন করে বিষয়বস্তু মনে রাখা হয়।

Scanned with CamScanner